রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/ ০৫ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩০৪-আইন/আয়কর-১৮/২০২৩।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পাটজাত দ্রব্য উৎপাদনে নিয়োজিত কোনো শিল্প প্রতিষ্ঠানের কেবল উক্ত শিল্প হইতে অর্জিত আয়ের ক্ষেত্রে ২০২৩-২৪, ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ করবর্ষের জন্য প্রযোজ্য আয়করের হার নিম্নরূপে হ্রাস করিয়া নির্ধারণ করিল, যথা:—

(ক) কোম্পানি করদাতার ক্ষেত্রে আয়করের হার হইবে ১০ (দশ) শতাংশ; এবং

(খ) কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতার ক্ষেত্রে আয়করের সর্বোচ্চ হার হইবে ১০ (দশ) শতাংশ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১৫৬২১)
মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com